



20935 - চর্মরোগে আক্রান্ত ব্যক্তি কি তায়াম্মুম করতে পারবে?

প্রশ্ন

আমার চর্মরোগ (একজমি) আছে। এর চিকিৎসা পুরোপুরি করা হয়নি। যার কারণে আমি দৈনিকি মাত্র পাঁচবার ওয়ু করি। সকল উপায়ে আমি চেষ্টা চালিয়েছি; কিন্তু কোনও কাজে আসেনি। যদি ওয়ু করলে আমার চামড়ায় পাঁচড়া খুব বাজভোবে বড়ে যায়, তাহলে আমি কী করব?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

আল্লাহ তায়ালা বলেন: “আল্লাহ কোনও ব্যক্তিকে তার সামর্থ্যের বাহরিতে দায়িত্ব দেন না।”[বাকারা: ২৮৬]

আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: “আমি যদি তোমাদেরকে কোনও কিছু করতে নিষেধে করি তাহলে তোমরা তা পরিত্যাগ করো। আর যদি কোনও কিছু আদেশে দিই তাহলে সাধ্যমত তা করো।”[বুখারী (৬৮৫৮), মুসলিম (১৩৩৭)]

পানি দিয়ে ওয়ু করার আবশ্যিকতার ব্যাপারে আল্লাহর স্পষ্ট নির্দেশে থাকার পরও আল্লাহ তায়ালা অসুস্থ ব্যক্তির জন্য পানি দিয়ে ওয়ু করার বদলে তায়াম্মুমের সুযোগ দিয়েছেন।

আল্লাহ তায়ালা বলেন:

“হে ঈমানদারগণ! তোমরা নশোগ্রস্ত অবস্থায় নামাযের ধারকোছেও য়েগো না, যতক্ষণ না যা বল তা বুঝতে পারো এবং (দৈহিক) অপবিত্র অবস্থায়ও না, যতক্ষণ না গোসল করো, তবে সফরে থাকলে ভিন্ন কথা। আর যদি তোমরা অসুস্থ হও কথিবা সফরে থাকো অথবা তোমাদের কটে পায়খানা থেকে (মলমূত্র ত্যাগ করে) আসে কথিবা তোমরা নারী-সম্ভোগ করো এবং (গোসল করার জন্য) পানি না পাও তাহলে পবিত্র মাটি দ্বারা তায়াম্মুম করবে এবং (যথারীতি) মুখমণ্ডল ও হাত মুছে নবিবে। নিশ্চয় আল্লাহ মার্জনাকারী ও কৃপাশীল।”[নিসা: ৪৩]

শাইখ মুহাম্মাদ আস-সালহে আল-উছাইমীন বলেন:

“তার বক্তব্য: “কথিবা এটি (পানি) ব্যবহার করলে বা অনুবেষণ করতে গেলে শারীরিক ক্ষতির আশঙ্কা করে” অর্থাৎ যদি



পানি ব্যবহার করলে তার শরীর ক্ಷতগ্রিস্ত হয় তাহলে সে অসুস্থ বলে গণ্য হবে। সক্ষেত্রে সে আল্লাহর এই বাণীর সার্বিকতার অন্তর্ভুক্ত হবে: “যদি তোমরা অসুস্থ হও অথবা সফরে থাকো” [মায়দো: ৬]

অনুরূপভাবে কারো ওয়ুর অঙ্গসমূহে যদি ক্ষত থাকে কথিবা গোসলরে ক্ষত্রে পুরো শরীরে ক্ষত থাকে এবং (পানি স্পর্শে) শরীর ক্ষতগ্রিস্ত হওয়ার আশঙ্কা করে তাহলে সে তায়াম্মুম করতে পারবে।” [আশ-শারহুল মুমতী (১/৩৭৮, ৩৭৯) ইবনুল জাওয়ী প্রকাশনীর ছাপা]

যদি সে চামড়ার উপরে এমনভাবে পানি ব্যবহার করতে পারে যাতে করে চামড়া ক্ষতগ্রিস্ত না হয় তাহলে সেটাই করবে। এক্ষেত্রে অঙ্গটি ঘষা বা প্রক্ষটভাবে ধৌত করা শর্ত নয়।

শাইখ মুহাম্মাদ আস-সালহে আল-উছাইমীন বলেন:

“অনুরূপভাবে কারো নাকে যদি সাইনাসের কারণে অতিরিক্ত ফাঁপা অংশ থাকে তাহলে সে ব্যক্তিকে নাকে পানি দেওয়ার ক্ষত্রেও বাড়াবাড়ি করবে না। কারণ বেশি পরিমাণে পানি দিলে সেখান থেকে পানি জমে সেটা পঁচতে পারে। এর থেকে খারাপ গন্ধ সৃষ্টি হবে। সেই ব্যক্তি অন্য কোন রোগে আক্রান্ত হতে পারেন অথবা শারীরিকভাবে ক্ষতগ্রিস্ত হতে পারেন। এমন ব্যক্তিকে বলা হবে: আপনি নাকের দুই ছিদ্রের ভেতরে পানি প্রবেশে করানোর মাধ্যমে নাকে পানি নিয়ে যথেষ্ট।” [আশ-শারহুল মুমতী (১/২১০), ইবনুল জাওয়ী প্রকাশনীর ছাপা]

তিনি আরও বলেন:

“কারো নাকে যদি সাইনাস থাকে এবং সে যদি অতিমাত্রায় নাকে পানি দিয়ে তাহলে পানি সেখান থেকে জমে ব্যথা করে কথিবা পানি পঁচে গিয়ে পুঁজ হয় কথিবা অন্য রোগ হয়; এমতাবস্থায় আমরা তাকে বলব: নিজের ক্ষতি রোধ করার জন্য আপনি অতিমাত্রায় পানি নাবিনে না।” [আশ-শারহুল মুমতী (১/১৭২), ইবনুল জাওয়ী প্রকাশনীর ছাপা]

সুতরাং যদি ওয়ু করলে আপনার চামড়া ক্ষতগ্রিস্ত হয় বা সুস্থ হতে দরৌ হয় তাহলে আপনি তায়াম্মুম করবেন। এতে কোনো সমস্যা নেই।

আল্লাহই সর্বজ্ঞঃ।